Rockbridge ES ডিসট্রিক্ট পুনর্বিন্যাসের ঘোষণা **নভেম্বর 2017 – ফেব্রুয়ারি 2018**

Stone Mountain এবং Clarkston এর ক্লাস্টার পুনর্বিন্যাসের বিষয়ে আলোচনার জন্য তিনটি সর্বজনীন সভা ঘোষণা করছে DeKalb County School District।

সাবেক Wadsworth ক্যাম্পাসে 2.5 বছরের জন্য অস্থায়ীভাবে স্থানান্তরের পর 3 জানুয়ারি 2018 তারিখে Rockbridge Elementary School এর নতুন স্থাপনা চালু হবে। নতুন স্থায়ী স্থাপনায় প্রথম পূর্ণ স্কুল বর্ষ 2018 সালের শর থেকে শুরু হবে।

এই নতুন, বৃহত্তর স্থাপনার মাধ্যমে স্থান বৃদ্ধির ফলে Stone Mountain এবং Clarkston এর ক্লাস্টারে ভর্তির জন্য যে ভিড় তা পুনর্বিন্যাস করার সুপারিশ করা হচ্ছে। ডিস্ট্রিক্ট পুনর্বিন্যাসের এই সুপারিশ, শর 2018 থেকে কার্যকর হবে, যা ক্লাস্টারগুলোর স্কুলের ওপর সম্ভাব্য প্রভাব ফেলবে।

যেসব এলিমেন্টারি স্কুলের ওপর প্রভাব পড়তে পারে:

- Allgood ES (Clarkston ক্লাস্টারে)
- Dunaire ES (Clarkston ক্লাস্টারে)
- Hambrick ES (Stone Mountain ক্লাস্টারে)
- Indian Creek ES (Clarkston ক্লাস্টারে)
- Jolly ES (Clarkston ক্লাস্টারে)
- Rockbridge ES (Stone Mountain ক্লাস্টারে)
- Stone Mill ES (Stone Mountain ক্লাস্টারে)
- Stone Mountain ES (Stone Mountain ক্লাস্টারে)

যেসব মিডল স্কুলের ওপর প্রভাব পড়তে পারে:

- Freedom MS (Clarkston ক্লাস্টারে)
- Stone Mountain MS (Stone Mountain ক্লাস্টারে)

যেসব হাই স্কুলের ওপর প্রভাব পড়তে পারে:

- Clarkston HS (Clarkston ক্লাস্টারে)
- Stone Mountain HS (Stone Mountain ক্লাস্টারে)

ডিসট্রিক্ট পুনর্বিন্যাস প্রক্রিয়া ক্রমবর্ধমানভাবে নির্দিষ্ট কমিউনিটি প্রতিক্রিয়ার তিনটি রাউন্ড দ্বারা চালিত হয়। কমিউনিটি প্রতিক্রিয়ার তিনটি রাউন্ড সমাপ্ত হলে সুপারিনটেনডেন্ট-প্রস্তাবিত ডিসট্রিক্ট পুনর্বিন্যাস পরিকল্পনা অনুমোদনের জন্য 2018 সালের ফেব্রুয়ারিতে বোর্ডে পেশ করা হবে।

দ্রষ্টব্য: তিনটি রাউন্ডের সমস্ত মন্তব্য নিচে তালিকাভুক্ত ডিসট্রিক্ট পুনর্বিন্যাসের মানদণ্ডে সীমাবদ্ধ থাকবে:

1. নিরাপত্তা এবং যান চলাচলের অবস্থা
2. আগের ডিসট্রিক্ট পুনর্বিন্যাস
3. আশেপাশের/সন্নিহিত এলাকা
4. বিশেষ কর্মসূচি, অর্থা, বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের প্রয়োজন মিটাতে অতিরিক্ত শ্রেণিকক্ষ বা স্থান প্রয়োজন হলে সেসব কর্মসূচি
5. স্কুলের ফিডার সংযুক্তি
6. দক্ষ এবং সাশ্রয়ী কর্মকাণ্ড

সর্বজনীন প্রতিক্রিয়ার: রাউন্ড 1 (নভেম্বর 2, 2017, সন্ধ্যা 6:30 টায় Freedom MS-এ)

এই বৈঠকের উদ্দেশ্য হল নিম্নরূপ কমিউনিটি থেকে তথ্য সংগ্রহ ও তাদের তথ্য প্রদান:

1. ডিস্ট্রিক্ট পুনর্বিন্যাসের সুপারিশের ক্ষেত্রে ভূমিকা পালনকারী উপাদানসমূহের সংক্ষিপ্ত বিবরণ
2. প্রভাবিত হতে পারে এমন স্কুল এবং ভর্তি/উপস্থিতি এলাকার তালিকা
3. ডিস্ট্রিক্ট পুনর্বিন্যাস প্রক্রিয়া ও মানদণ্ড সম্পর্কে কমিউনিটি থেকে সাধারণ ও প্রাথমিক তথ্য গ্রহণ এবং তাদেরকে অনুরূপ তথ্য প্রদান

দ্রষ্টব্য: এই প্রথম রাউন্ডের বৈঠকে সর্বসাধারণের বিবেচনার জন্য কোন পরিকল্পনা পেশ করা হবে না। প্রাপ্ত সব মন্তব্য স্টাফ কর্তৃক বিশ্লেষণ ও সমন্বয় করা হবে এবং ডিস্ট্রিক্ট পুনর্বিন্যাসের তিনটি বিকল্প তৈরি করে দ্বিতীয় বৈঠকে কমিউনিটির প্রতিক্রিয়ার জন্য উপস্থাপন করা হবে।

সর্বজনীন প্রতিক্রিয়ার: রাউন্ড 2 (নভেম্বর 30, 2017, সন্ধ্যা 6:30 টায় Clarkston HS-এ)

এই বৈঠকের উদ্দেশ্য হল সম্ভাব্য ডিস্ট্রিক্ট পুনর্বিন্যাসের জন্য তিনটি বিকল্প উপস্থাপন, এবং প্রতিটি বিকল্পের বিভিন্ন উপাদানের ওপর কমিউনিটির / প্রতিক্রিয়া গ্রহণ করা।

দ্রষ্টব্য: এই দ্বিতীয়-রাউন্ডের বৈঠকের মন্তব্য সম্ভাব্য ডিস্ট্রিক্ট পুনর্বিন্যাসের জন্য একটি স্টাফ-প্রস্তাবিত বিকল্প তৈরি করতে ব্যবহার করা হবে, যা তৃতীয় রাউন্ডে সর্পাবজনীন মন্তব্য এবং প্রতিক্রিয়ার জন্য উপস্থাপন করা হবে।

সর্বজনীন প্রতিক্রিয়া: রাউন্ড 3 (জানুয়ারি 11, 2017, সন্ধ্যা 6:30 টায় Rockbridge ES -এ)

এই তৃতীয় ও চূড়ান্ত-রাউন্ডের উদ্দেশ্য হল বৈঠকে সম্ভাব্য ডিস্ট্রিক্ট পুনর্বিন্যাসের জন্য একটি স্টাফ-প্রস্তাবিত বিকল্প উপস্থাপন, এবং এই বিকল্পের ওপর কমিউনিটির প্রতিক্রিয়া গ্রহণ করা।

Rockbridge ES ডিসট্রিক্ট পুনর্বিন্যাসের ঘোষণা নভেম্বর 2017 – ফেব্রুয়ারি 2018

দ্রষ্টব্য: উপস্থাপিত একক বিকল্পটিতে দ্বিতীয় রাউন্ডে উপস্থাপিত কোন একক বিকল্পের প্রতিফলন থাকতে হবে এমন নয়। বরং, এই বিকল্পটি হবে প্রথম এবং দ্বিতীয় রাউন্ড থেকে সংকলিত সব সর্বজনীন মন্তব্যের ভিত্তিতে প্রণীত এবং স্টাফের বিশ্লেষণ সম্বলিত। বিবেচ্য পরিকল্পনার নির্দিষ্ট উপাদানের সাথে সম্পর্কিত কমিউনিটির প্রতিক্রিয়ায় এই একক বিকল্পের প্রভাব/ফলাফল থাকবে। এটাই চূড়ান্ত পরিকল্পনা হতে হবে এমনটি নয়।

সুপারিনটেনডেন্ট-প্রস্তাবিত ডিসট্রিক্ট পুনর্বিন্যাস পরিকল্পনা

সর্বজনীন প্রতিক্রিয়ার (এবং বিশেষ করে সবচেয়ে সাম্প্রতিক স্টাফ-প্রস্তাবিত বিকল্প) সবকটি রাউন্ড থেকে কমিউনিটির প্রতিক্রিয়ার ভিত্তিতে সুপারিনটেনডেন্ট প্রয়োজন মনে করলে তাতে পরিবর্তন আনবেন এবং বোর্ডের অনুমোদনের জন্য সুপারিনটেনডেন্ট-প্রস্তাবিত ডিস্ট্রিক্ট পুনর্বিন্যাসের পরিকল্পনা জমা দেবেন।

বোর্ডের অনুমোদন (ফেব্রুয়ারি 2018)

বোর্ডের অনুমোদন ফেব্রুয়ারি 2018 নাগাদ প্রত্যাশিত, এবং কোন ভর্তি/উপস্থিতি-এলাকা সমন্বয় কার্যকর হবে শর 2018 নাগাদ।

বিস্তারিত তথ্যের জন্য অনুগ্রহ করে দেখুন www.dekalbschoolsga.org/redistricting ।